

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.১৫৭.১৯/৪২৬৭/৬

তারিখ: ০৯/১০/২০১৯ খ্রি।

বিষয়: বয়স ৬০(ষাট) বছর পূর্ণ হওয়ায় অধ্যক্ষের দায়িত্ব হস্তান্তর।

সূত্র: মো: জুলফিকার আলী কর্তৃক দাখিলকৃত ২৫-০৭-২০১৯খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর জেলার কেশবপুর উপজেলাধীন হাজী আব্দুল মোতালেব মহিলা কলেজের অধ্যক্ষ(ভারপ্রাপ্ত) জনাব এস এম রায়হানা সাদেকের (জন্ম তারিখ: ০৫-০২-১৯৫৮) বয়স ৬০ বছর পূর্ণ হয়েছে। জনবল কাঠামো-২০১৮ এর ১১.৬ অনুচ্ছেদ মোতাবেক “বয়স ৬০ বছর পূর্ণ হবার পর কোন প্রতিষ্ঠান প্রধান/সহ.প্রধান/শিক্ষক-কর্মচারীদের কোন অবস্থাতেই পুন: নিয়োগ কিংবা চুক্তিভিত্তিক নিয়োগ দেয়া যাবে না”। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ১৩/০৫/২০১৯খ্রি. তারিখে জারিকৃত ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০১০.২০১৮-১৮৩১ স্মারক পত্রে ৬০ বছর হওয়ার পর জ্যেষ্ঠ শিক্ষককে দায়িত্ব হস্তান্তরের নির্দেশ প্রদান করা হয়। শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র নং-শিম/শা:১১/৩-৯/২০১১/৪৮৪, তারিখ: ০৯/০৭/২০১২খ্রি. মোতাবেক অধ্যক্ষের অনুপস্থিতিতে উপাধ্যক্ষ দায়িত্ব পালন করবেন। উপাধ্যক্ষ না থাকলে জনবল কাঠামো-২০১৮ এর ১৩ অনুচ্ছেদ মোতাবেক জ্যেষ্ঠ শিক্ষক দায়িত্ব পালন করবেন।

এমতাবস্থায়, মন্ত্রণালয়ের পরিপত্র এবং মাউশির নির্দেশনা মোতাবেক ৬০ বছর পূর্ণ হওয়ায় পুন:নিয়োগ বা চুক্তিভিত্তিক নিয়োগ দেয়ার সুযোগ না থাকায় পত্র প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে আপনাকে বিধি মোতাবেক অধ্যক্ষের দায়িত্ব হস্তান্তর করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১.১০.১৭

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭

ই-মেইল: [ncollege@dshe.gov.bd](mailto:ncollege@dshe.gov.bd)

এস এম রায়হানা সাদেক

অধ্যক্ষ(ভারপ্রাপ্ত)

হাজী আব্দুল মোতালেব মহিলা কলেজ, কেশবপুর, যশোর।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
- ২। সভাপতি, পরিচালনা পরিষদ, হাজী আব্দুল মোতালেব মহিলা কলেজ, কেশবপুর, যশোর।
- ৩। জেলা শিক্ষা অফিসার, যশোর।
- ৪। উপজেলা মাধ্যমিক অফিসার, কেশবপুর, যশোর।
- ৫। জনাব জুলফিকার আলী, অধ্যক্ষ(সাময়িক বরখাস্তকৃত), হাজী আব্দুল মোতালেব মহিলা কলেজ, কেশবপুর, যশোর।
- ৬। সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.১৫৭.১৯.

তারিখ: /১০/২০১৯ খ্রি।

বিষয়: তদন্ত প্রতিবেদন দাখিল।

সূত্র: দুদক এর পত্র স্মারক নং-০০.০১.০০০০.৫০ ৩.২৬.১১৭.১৯-১৩০৫৯, তারিখ: ৩/০৪/২০১৯খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর জেলার কেশবপুর উপজেলাধীন হাজী আব্দুল মোতালেব মহিলা কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষের বিরুদ্ধে শিক্ষার্থীর নিকট হতে অতিরিক্ত অর্থ আদায় বিষয়ে দুর্নীতি দমন কমিশন, ঢাকা, বাংলাদেশ এর নিকট জনাব আব্দুর রাজ্জাক, স্টাফ রিপোর্টার, কেশবপুর, দৈনিক বিশ্ববার্তা, মতিঝিল, ঢাকা অভিযোগ দাখিল করেন। অভিযোগটি তদন্ত করে প্রতিবেদন প্রেরণ করার জন্য দুদক, ঢাকা মাউশি বরাবর পত্র প্রেরণ করেন

এমতাবস্থায়, বর্ণিত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক পত্র প্রাপ্তির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে অত্র অধিদপ্তরে ২(দুই) প্রস্থ তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০১। তদন্ত কর্মকর্তা বিধি মোতাবেক টি,এ/ডি,এ প্রাপ্য হবেন।

সংযুক্তি: অভিযোগপত্রের ছায়ালিপি-০১ প্রস্থ।

স্বা/-.

(মহাপরিচালক)

ফোন নং- ৯৫৫৩৫৪২

তদন্ত কর্মকর্তা:

১) পরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.১৫৭.১৯./৪২২৮/১১

তারিখ: ০১/১০/২০১৯ খ্রি।

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১। পরিচালক(কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

০২। সভাপতি, পরিচালনা পরিষদ, হাজী আব্দুল মোতালেব মহিলা, কেশবপুর, যশোর।

০৩। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, খুলনা।

০৪। অধ্যক্ষ, হাজী আব্দুল মোতালেব মহিলা, কেশবপুর, যশোর (তদন্ত কর্মকর্তাকে সহায়তা প্রদানের অনুরোধসহ)।

০৫। জেলা শিক্ষা অফিসার, যশোর(তদন্ত কর্মকর্তাকে সার্বিক সহায়তা প্রদানের অনুরোধসহ)।

০৬। জনাব আব্দুর রাজ্জাক, স্টাফ রিপোর্টার, কেশবপুর, দৈনিক বিশ্ববার্তা, মতিঝিল (তদন্তকালে প্রমাণাদিসহ উপস্থিত থাকার অনুরোধসহ)।

০৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কেশবপুর, যশোর (তদন্ত কর্মকর্তাকে সার্বিক সহায়তা প্রদানের অনুরোধসহ)।

০৮। সংরক্ষণ নথি।

AKA 1.10.19

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (ক-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭